# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنۡبِيَاء

আয়াতঃ ২১ : ৫৩

## আরবি মূল আয়াত:

قَالُوا وَجَدنَا اٰبَآءَنَا لَهَا عٰبِدِينَ ﴿٥٣﴾

## অনুবাদসমূহ:

তারা বলল, 'আমরা আমাদের পূর্বপুরুষদেরকে এদের পূজা করতে দেখেছি'। — আল-বায়ান

তারা বলল, 'আমরা আমাদের পিতৃপুরুষদেরকে এদের পূজো করতে দেখেছি। — তাইসিরুল

তারা বললঃ আমরা আমাদের পিতৃপুরুষদেরকে এদের পূজা করতে দেখেছি। — মুজিবুর রহমান

They said, "We found our fathers worshippers of them." — Sahih International

### ৫৩. তারা বলল, আমরা আমাদের পিতৃ পুরুষদেরকে এদের ইবাদত করতে দেখেছি।

-

তাফসীরে জাকারিয়া

### (৫৩) তারা বলল, 'আমরা আমাদের পিতৃ-পুরুষদেরকে এদের পূজা করতে দেখেছি।' [1]

[1] যেমন আজকাল অজ্ঞতা ও কুসংস্কারের জালে ফেঁসে যাওয়া মুসলিমদেরকে বিদআত ও জাহেলী প্রথা বা কর্মকান্ড থেকে বাধা দিলে তারা উত্তরে বলে, 'আমরা এসব কেমন করে ছাড়ব? আমাদের পিতৃপুরুষেরা এসব করে আসছে।' আর এই ধরনের উত্তর ঐ সকল লোকেরাও দিয়ে থাকে, যারা কিতাব ও সহীহ সুন্নাহর স্পষ্ট উক্তি থেকে মুখ ফিরিয়ে নিয়ে নিজেদের নেতা, উলামা ও বুযুর্গদের অভিমত ও চিন্তাধারাকে মানা আবশ্যক মনে করে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2536

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন